

রেডি টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৩, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ ফেব্রুয়ারি ২০০৯/৭ ফাল্গুন ১৪১৫

নং মপবি/কগবিঃশাঃ/মসক-১/২০০৯/৬০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা ও সার্বিক সমন্বয় সাধনের জন্য 'সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি' নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ—

(ক) কমিটির নাম ঃ 'সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি'।

(খ) কমিটির গঠন ঃ

(১) বেগম মতিয়া চৌধুরী মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২) জনাব দিলীপ বড়ুয়া মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৩) সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি	সদস্য
(৪) জনাব আ ক ম মোজাম্মেল হক, এমপি	সদস্য
(৫) অধ্যক্ষ মতিউর রহমান, এমপি	সদস্য
(৬) বেগম সাওফতা ইয়াসমিন এমিলি, এমপি	সদস্য
(৭) সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(৮) সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৯) সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়	সদস্য

(১০৭৩)

মূল্য ঃ টাকা ২.০০

(১০)	সচিব, অর্থ বিভাগ	সদস্য
(১১)	ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক ও সভাপতি, ফসফেটিক ও পটাশ সারের মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি	সদস্য
(১২)	চেয়ারম্যান, বিসিআইসি	সদস্য
(১৩)	চেয়ারম্যান, বিএডিসি	সদস্য
(১৪)	মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
(১৫)	চেয়ারম্যান, বিএফএ	সদস্য

## (গ) কমিটির কার্যপরিধি :

- (১) দেশে সকল প্রকার সারের উৎপাদন/আমদানি চাহিদা ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন;
- (২) কৃষকদের নিকট সঠিক সময়ে সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যালোচনা ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;
- (৩) বর্তমানে সারের ডিলার নিয়োগ পদ্ধতি পর্যালোচনা এবং এর সঠিকতা যাচাই করে সুপারিশ পেশ;
- (৪) ইউরিয়া ও নন-ইউরিয়া সার সরবরাহ, বিতরণ সম্পর্কিত প্রাসংগিক অন্য যে কোন বিষয় পর্যালোচনা ও সুপারিশ পেশ;
- (৫) কমিটি প্রয়োজনবোধে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। কৃষি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ জানুয়ারি ২০০৮ তারিখের মপবি/কপবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'সারের মূল্য ও বিতরণ ব্যবস্থাপনা ও সার্বিক সমন্বয় সাধনের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটি' এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মতিয়ার রহমান  
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

নিতাই পদ দাস (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd